



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



“বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস-২০২৩” উপলক্ষ্যে র্‌যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত



বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস ২০২৩ উপলক্ষে ১০ সেপ্টেম্বর ২০২৩-রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কাউন্সেলিং সেন্টার এর আয়োজনে ‘কর্মের মাধ্যমে আশা তৈরি’ স্লোগানকে সামনে রেখে একটি সচেতনতামূলক র্‌যালি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর নেতৃত্বে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কাউন্সেলিং সেন্টার এর আহবায়ক অধ্যাপক ড. নূর মোহাম্মদ, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার, জবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



উল্লেখ্য র্য়ালি শেষে উপাচার্য এর কনফারেন্স রুমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্র উপদেষ্টাবৃন্দের (শিক্ষক-শিক্ষিকা) অংশগ্রহণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।